

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কপিরাইট অফিস, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় গ্রন্থাগার ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
www.copyrightoffice.gov.bd

স্মারক: ৪৩.২৯.০০০০.০০১.০৩.১৩০.১৬.(অংশ-১)/৫৩৭


তারিখ: ১৮ মাঘ ১৪২৫
৩১ জানুয়ারি ২০১৯

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল পরীক্ষার্থীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কপিরাইট অফিসের ৩য় শ্রেণির ০৫ (পাঁচ)টি শূন্যপদ (কপিরাইট সহকারী পরীক্ষক, কম্পিউটার অপারেটর, সঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, কপিরাইট পরিদর্শক এবং লাইব্রেরিয়ান)-এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের ফলাফল ০১ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে কপিরাইট অফিসের ওয়েবসাইট www.copyrightoffice.gov.bd ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ “সঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর” পদের ব্যবহারিক পরীক্ষা ০১ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বিকাল ৩:৩০ ঘটিকায় জাতীয় গ্রন্থাগার ভবনে অনুষ্ঠিত হবে এবং “কম্পিউটার অপারেটর” পদের ব্যবহারিক পরীক্ষা ০১ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বিকাল ৬:০০ ঘটিকায় জাতীয় গ্রন্থাগার ভবনে অনুষ্ঠিত হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা ০২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ দুপুর ২:০০ ঘটিকায় কপিরাইট অফিসে অনুষ্ঠিত হবে।

এছাড়া, “কপিরাইট সহকারী পরীক্ষক” “কপিরাইট পরিদর্শক” এবং “লাইব্রেরিয়ান” পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষা ০২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ দুপুর ২:০০ ঘটিকায় কপিরাইট অফিসের অনুষ্ঠিত হবে।


(জেহরা বেগম)

কপিরাইট ডেপুটি রেজিস্ট্রার

ও

সদস্য সচিব, বিভাগীয় বাছাই/নির্বাণ কমিটি

